



স্বাধীনতা সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ১, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা বিভাগ

আদেশ

ঢাকা, ১২ই অগ্রহায়ণ, ১৩৯৭/২৭শে নভেম্বর, ১৯৯০

এস, আর, ও, নং ৪১০-আইন/৯০—যেহেতু গত বেশ কয়েক দিন ধারণ ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় অনেক সাহিংস ঘটনা ঘটিয়াছে;

এবং যেহেতু গত কয়েকদিন হইতে এ সমস্ত এলাকায় প্রচণ্ড উত্তেজনার পরিস্থিতি বিরাজ করিতেছে এবং বিশৃঙ্খল ও শান্তি-শৃঙ্খলা হানিকর অবস্থা অব্যাহত রহিয়াছে;

এবং যেহেতু সরকারের নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, উক্তরূপ বিশৃঙ্খলা ও জনশৃঙ্খলা হানিকর পরিস্থিতির কারণে ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশ ক্ষয় হইতেছে;

সেহেতু সরকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (শান্তি-শৃঙ্খলা) অধ্যাদেশ, ১৯৯০ (অধ্যাদেশ নং ১৩, ১৯৯০) এর ধারা ৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং উহাদের সকল হোস্টেল ও ছাত্রাবাস এক মাসের জন্য বন্ধ করিয়া দিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ঢাকা: ১২ই অগ্রহায়ণ, ১৩৯৭ বাং
২৭শে নভেম্বর, ১৯৯০ ইং

মোঃ নূরুল হক

উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহবুবুল করিম, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ ফরমন্ট ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।

(৮৬৬৩)

মূল্য: ৩০ পয়সা